

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং : ৩৭.০২.০০০০.১০১.২৭.০১৫.২৪- ১৬৬৫/১০

তারিখ : ২২/০৩/২০২৬ খ্রি.

বিষয় : কারণ দর্শানো নোটিশ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আপনি জনাব বরুন ঘোষ, অফিস সহকারী কাম হিসাব সহকারী, শান্তা সরকারি উচ্চ বিদ্যালয়, কেরানীগঞ্জ, ঢাকা এর বিরুদ্ধে শিক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত অর্থ বিদ্যালয়ের ব্যাংক হিসাবে জমা না দেয়া, ২০২৪-২৫ অর্থ বছর থেকে বিদ্যালয়ের সরকারি বরাদ্দের বিদ্যুৎ বিল, ইন্টারনেট বিল ও জমির খাজনা ইত্যাদি পরিশোধ না করা সংক্রান্ত অভিযোগ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক উত্থাপিত হয়েছে। আপনার এরূপ কার্যকলাপ চাকরির শৃঙ্খলা পরিপন্থী এবং শাস্তিযোগ্য অপরাধ।

এমতাবস্থায়, আপনার এহেন কার্যক্রমের জন্য কেন আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আণ্ডাল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণপূর্বক শাস্তির আওতায় আনা হবে না তা আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সন্তোষজনক লিখিত জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(কামরুন্নাহার রীসা)

সহকারী পরিচালক (সা:প্র:)

ফোন: ০২-৪১০৫৩৯৭১

ad-admin@dshe.gov.bd

(স্বাক্ষর)

প্রাপক,

জনাব বরুন ঘোষ

অফিস সহকারী কাম হিসাব সহকারী

শান্তা সরকারি উচ্চ বিদ্যালয়, কেরানীগঞ্জ, ঢাকা

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। পরিচালক (কলেজ ও প্রশাসন/অর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০২। প্রধান শিক্ষক, শান্তা সরকারি উচ্চ বিদ্যালয়, কেরানীগঞ্জ, ঢাকা;
- ০৩। সংরক্ষণ নথি।